
# সেইফটি নির্দেশিকা
# Safety Guideline
## ডক শ্রমিকদের জন্য

জরুরী প্রয়োজনে চবক কলসেন্টার এ যোগাযোগ করুন **১৬৫৬৩**




CHITTAGONG PORT AUTHORITY
CPA
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**
**Chittagong Port Authority**

# সেইফটি নির্দেশিকা
## Safety Guideline
ডক শ্রমিকদের জন্য



## মনে রাখবেন !!!



বন্দরের অভ্যন্তরে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম PPE (Personal Protective Equipment) যথা: হেলমেট, সেফটি সু, রেট্রো রিফ্লেকটিভ জ্যাকেট, বয়লার স্যুট পরিধান বাধ্যতামূলক



বিপদজনক পন্য (Dangerous Goods) খালাস ও উত্তোলন করার সময় যথাযথ প্রতিরক্ষা ব্যবস্থা যেমন: চশমা, গ্লাভস, ডাস্ট ক্যাপ প্রতিফলিত পোষাক ব্যবহার বাধ্যতামূলক।



যানবাহন চলাচলের সময় সর্বদা সতর্ক থাকুন।



সংরক্ষিত এলাকায় এবং বিপদজনক পন্য মজুত করার স্থানে অনুমতি ব্যতীত প্রবেশ নিষেধ।




কাজের সময় কিংবা যাতায়াতের সময় মোবাইল ফোন ব্যবহার করবেন না।



ধুলা- ময়লা ও ধোঁয়া হতে বাঁচার জন্য উপযুক্ত প্রতিরক্ষা ব্যবস্থা নিন।



বন্দর এলাকা সম্পূর্ণ আলোকজ্জ্বল নয় বিধায় রাতে বহনযোগ্য বাতি (Portable Light) ব্যবহার করতে পারেন।



উচ্চ শব্দ যুক্ত (সাইরেন, হর্ন, হুইসেল, ইত্যাদি) স্থান এড়িয়ে চলুন

**আপনার নিরাপত্তা আপনারই দায়িত্ব**



**SAFETY IS YOUR OWN RESPONSIBILITY**

# বন্দরের বিশেষ ঝুঁকিপূর্ণ এলাকা সমূহ



## ১. জেটি এলাকা



ক্রেন দ্বারা জাহাজ হতে মালামাল খালাস ও উত্তোলনের সময় সতর্ক থাকুন।



প্রাইম মুভার চলাচলের সময় এর নীচ দিয়ে চলাচল করবেন না।



ভারী যানবাহন এবং ফর্ক লিফট চলাচলের সময় নিরাপদ দূরত্ব নিয়ে চলাফেরা করুন।



জেটির কিনারায় কাজ করার সময় পানিতে পড়ে যাওয়ার বিষয়ে সাবধানতা অবলম্বন করুন।



ইকুইপমেন্ট দিয়ে মালামাল হ্যান্ডেলিং এর সময় নিরাপদ দুরত্বে থাকুন



জেটি এলাকায় চলাচলের সময় পিচ্ছল পদার্থ, খুচরা লোহার টুকরা, যন্ত্রাংশ ইত্যাদি দ্বারা আঘাত পেতে পারেন।



জেটির বিভিন্ন স্থানে আবরনবিহীন বড় বড় গর্ত রয়েছে। সতর্কতার সাথে জেটি এলাকায় হাটাচলা করুন।



জাহাজের রশি বাঁধার স্থানে দাড়িয়ে বা বসে থাকবেন না। জাহাজের রশি হতে নিরাপদ দূরত্ব বজায় রাখুন।


## ২. ইয়ার্ড এলাকা



কী গ্যান্ট্রি ক্রেন (Quay Gantry Crane) এর নীচে, ক্যাবলে কিংবা চলাচলের জায়গায় অবস্থান করবেন না।



রাবার টায়ার্ড গেন্ট্রি ক্রেন (Rubber Tyred Gantry Crane) চলাচলের সময় নিরাপদ দূরত্বে থাকুন।



কনটেইনার উত্তোলন বা খালাসের সময় এর আশপাশ হতে দূরে থাকুন। ভারী কনটেইনার পড়ে গিয়ে আহত বা নিহত হতে পারেন



কনটেইনার মজুত রাখার স্থানে বিশ্রাম/অবস্থান করার কারনে কনটেইনার পড়ে গিয়ে আহত/নিহত হতে পারেন।



ক্ষতিকরপন্য/বিপদজনক পন্যবাহী কনটেইনার ছিদ্র হয়ে তার বিষাক্ত গ্যাসে আক্রান্ত হতে পারেন। বিপদজনক কনটেইনার বিষ্ফোরিত হতে পারে।



প্রাইম মুভার এবং ভারী যানবাহন চলাচলের সময় সতর্ক থাকুন।

**নিরাপদ সরঞ্জাম ব্যবহার করি**
**সুস্থ দেহে বাড়ি ফিরি**



জরুরী প্রয়োজনে চবক কলসেন্টার এ যোগাযোগ করুন

**১৬৫৬৩**

## ৩. জাহাজে




জাহাজের ডেকে সাবধানে চলাচল করুন। পিচ্ছিল পদার্থের জন্য পড়ে যেতে পারেন।

জাহাজে কাজ করার সময় পানিতে পড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। সাবধানতা অবলম্বন করুন।



হ্যাচ খোলা এবং বন্ধ করবার সময় নিরাপদ দূরত্বে থাকুন।






জাহাজের পাইপ হতে উদগত দাহ্য গ্যাস দ্বারা আক্রান্ত হতে পারেন।



ঝুলন্ত বস্তু ছিড়ে পড়ে আহত বা আঘাতপ্রাপ্ত হতে পারেন।

ভারী বস্তু উপর হতে পড়ে আঘাতপ্রাপ্ত হতে পারেন।



কন্টেইনার লোডিং আনলোডিং এর সময় কী গ্যান্ট্রি এর নিচে অবস্থান করবেন না।





জাহাজের চলাচলের সময় সরু পথ/ Catwalk এর Gratings (আবরন) আছে কিনা তা দেখে চলাচল করুন।

মরিচাপূর্ন রেলিং এবং ত্রুটিপূর্ন অবকাঠামো ধরে দাড়াবেন না কিংবা হেলান দিবেন না।



## ৪. কর্মস্থলে




দাহ্য গ্যাসপূর্ন স্থান হতে নিরাপদ দুরত্বে থাকুন।

ল্যাশিং-আনল্যাশিং করার সময় যন্ত্রপাতি পড়ে আঘাত পেতে পারেন।



পিচ্ছিল স্থানে কাজ করার সময় প্রয়োজনীয় সরঞ্জাম ব্যবহার করুন।





কর্মস্থান অগোছালো বা এলোমেলো রাখবেন না।




ত্রুটিপূর্ন যন্ত্র দিয়ে কাজ সমাধা করবেন না।

বিদ্যুৎপৃষ্ট হওয়া থেকে সাবধান থাকুন।



ভারী যন্ত্রপাতি হ্যান্ডলিং বা স্থানান্তর করার সময় আঘাত পাওয়া থেকে সতর্কতা অবলম্বন করুন।







কর্মস্থলে ভারী যানবাহন ও যন্ত্রপাতি চলাচলের সময় উক্ত স্থান এড়িয়ে চলুন।

**নিরাপদ কর্মস্থলে কাজ করি**
**সুখী জীবন যাপন করি**





জরুরী প্রয়োজনে চবক কলসেন্টার এ যোগাযোগ করুন **১৬৫৬৩**

## করনীয়ঃ


| |
|---|
| ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম PPE (Personal Protective Equipment) সদা সর্বদা ব্যবহার করা। |
| মাথায় হেলমেট পরে কাজ করা  |
| চোখে চশমা পরে কাজ করা  |
| হাতে গ্লাভস পরে কাজ করা  |
| পায়ে বুট জুতা (সেফটি সু) পরে কাজ করা  |
| কনটেইনার হ্যান্ডলিং এর কাজে ব্যবহৃত যানবাহন কিংবা যন্ত্রপাতি হতে সদা সর্বদা নিরাপদ দুরত্ব বজায় রাখা।  |
| সাইরেন কিংবা মাইকে ঘোষিত নিরাপদ সংশ্লিষ্ট হুশিয়ারী বার্তা মেনে চলা।  |
| রাস্তা পারাপারের সময় চারপার্শ্বে দেখেশুনে পার হওয়া।  |
| সর্বদা কনটেইনার হ্যান্ডলিং ইকুইপমেন্টকে প্রথমে চলাচলের সুবিধা করে দেয়া।  |
| সংরক্ষিত এলাকায় এবং বিপদজনক পন্য মজুত করার স্থানে অনুমতি নিয়ে প্রবেশ করা।  |

## বর্জনীয়ঃ

| |
|---|
| জাহাজের কাজ শেষে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম পরিধান না করে জাহাজ হতে নেমে যাওয়া  |
| ভারী মালামাল নামানো/সরানোর সময় নীচে দাঁড়ানো  |
| কনটেইনার ইয়ার্ড বা কনটেইনার মজুদ রাখার স্থানে যত্রতত্র চলাচল করা  |
| রিফার কনটেইনার ইয়ার্ডে বৈদ্যুতিক তার বা আশেপাশে খালি পায়ে বা ভিজা অবস্থায় চলাচল  |
| বন্দরের অভ্যন্তরে ধুমপান করা  |
| নিষিদ্ধ এলাকাতে (Restricted Area) বিনা অনুমতিতে/বিনা কাজে প্রবেশ  |
| জেটি/ইয়ার্ডে কাজের সময় মোবাইল /হেডফোন ব্যবহার করা  |
| রাতেরবেলা রিট্রো রিফ্লেকটিভ জেকেট (Retro Reflective Jacket) ব্যতীত কাজ করা  |
| যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা  |
| মরিচাপূর্ন রেলিং এবং ত্রুটিপূর্ন অবকাঠামোতে হেলান দেওয়া  |
| ত্রুটিপূর্ন যন্ত্রপাতি ব্যবহার করা  |
| লোডিং-আনলোর্ডিং এর সময় গেন্ট্রি/ আরটিজি এর নীচে চলাচল করা  |

**বন্দরের কার্যক্রম ২৪/৭ চলে**
**নিরাপদ কর্ম পরিবেশের বলে**


## জেটি এলাকার ম্যাপ



## গুরুত্বপূর্ণ যোগাযোগ সমূহ



নিরাপত্তা বিভাগ
হট লাইন-০১৫৫০০০৫৩১১,
(কন্ট্রোল রুম)০৩১-২৫২২২০০-২৯
এক্সটেনশন -৪০২৭/৪০২৮



পরিবহন বিভাগ
হট লাইন-০১৮৪০৮১৬৫৫৬
০৩১-২৫২২২০০-২৯
এক্সটেনশন-৬০৮৫



চট্টগ্রাম বন্দর শ্রমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র
এম্বুলেন্স সেবা
হট লাইন-০১৭৩৭৬৮৪০৮৮
০৩১-২৫২২২০০-২৯
এক্সটেনশন-৪৯৯৩
(৫৩৮৪/৫৩৭৯ চবক হাসপাতাল)



ফায়ার সার্ভিস
কন্ট্রোলরুম- ০৩১-২৫২২২০০-২৯
এক্সটেনশন-৪০৬৩/৬০৬৪



বন্দর থানা
হট লাইন-০১৭১৩-৩৭৩২৬৭
০৩১-৭২৮২৮৮

**নিরাপত্তা সর্ব প্রথমে (Safety First)**